দৈনিক সংবাদ

তারিখ 08 JUL 1988
পৃষ্ঠা 3 কলাম 7



## আরও বোর্ডের প্রশ্নপত্রে ভুল

মাত্র তিন মাস অতিবাহিত হতে চলল চারটি শিক্ষা বোর্ডের অধীনে এস, এস, সি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। বর্তমানে এইচ, এস, সি পরীক্ষা চলছে। এস, এস, সি পরীক্ষায় বিভিন্ন প্রশ্নপত্রে ভুলের একাধিক অভি-যোগ উত্থিত হয়েছিল। বোর্ড কর্তৃপক্ষ এ ধরনের অবাঞ্ছিত ভুলের জন্য প্রকাশ্য দুঃখও করেছিলেন। কিন্তু তিনটি মাস যেতে না যেতেই সেই ভুলেরই পুনরাবৃত্তি ঘটল কুমিল্লা শিক্ষা বোর্ডের এইচ, এস, সি গণিত প্রথম ও দ্বিতীয়পত্রের প্রশ্নের ক্ষেত্রে।

গণিত প্রথমপত্রের ১৩ নম্বর প্রশ্নে উল্লেখ করা হয়েছে, ৬$^2$4ex অধিবৃত্তটি---। কিন্তু ইহা অধিবৃত্তের সমীকরণতো দূরের কথা আদৌ কোন সমীকরণই নয়। গণিত দ্বিতীয়পত্রের ৯ নম্বর প্রশ্নের দ্বিতীয়াংশ নিম্নরূপ "কোন নির্দিষ্ট বৎসরের মোট জনসংখ্যা 319 এবং ঐ বৎসরের মধ্যবর্তী সময় 15 হইতে 49 বয়সের সন্তান ধারণে সক্ষম মহিলাদের মোট সংখ্যা 1500 হইলে সাধারণ প্রজনন হার নির্ণয় কর।" যেখানে সন্তান ধারণে সক্ষম মহিলার সংখ্যাই 1500 সেখানে মোট জনসংখ্যা কিভাবে ৩১৯ হবে তা বোধগম্য নয়। প্রকৃতপক্ষে প্রথম পত্রের অংকটির ক্ষেত্রে শুদ্ধ সমীকরণ হবে $y^2 = 4px$ অথবা $y^2 - 4px = 0$ এবং দ্বিতীয় পত্রের অংকটির ক্ষেত্রে "মোট জনসংখ্যা 319" এর ক্ষেত্রে হবে "মোট জন্মসংখ্যা 319"।

পরিতাপের বিষয় হলেও সত্য যে, তিনমাস পূর্বে পত্রিকায় লেখালেখির পরও প্রশ্নপত্রে একই ধরনের ভুলের পুনরাবৃত্তি ঘটিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ পুনরায় এ ব্যাপারে তাদের ঔদাসিন্যের পরিচয় দিলেন। জানিনা ভবি-ষ্যতে তাঁরা কতটুকু সচেতনতা অবলম্বন করতে সচেষ্ট হবেন।

তারেক চৌধুরী
১১, নিউ হোস্টেল,
লাকসাম রোড, কুমিল্লা-৩৫০০।